



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

জীবন বীমা টাওয়ার (১৫, ১৬, ১৭ ও ২১তম তলা), ১০ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (২য় খন্ড)/২০১১/৭৪৪


তারিখঃ ১৫/১১/২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

৫৮৯ তম কমিশন সভা অদ্য ১৫/১১/২০১৬ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. অদ্যকার সভায় কমিশন Shepherd Industries Limited এর প্রতিটি ১০.০০ টাকা মূল্যের ২ (দুই) কোটি টি সাধারণ শেয়ার অভিহিত মূল্যে প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২০ (বিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে ওয়াসিং প্লান্ট এর ভবন নির্মাণ, সম্প্রসারণ ও ওয়াসিং প্লান্ট এর মেশিন ক্রয় ও স্থাপন, ইটিপি সম্প্রসারণ, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৬ তারিখে সমাপ্ত আর্থিক বিবরণী অনুযায়ী নেট এ্যাসেট ভ্যালু (NAV) টাকা ১৮.৭০ এবং বিগত ৫টি আর্থিক বিবরণী অনুযায়ী weighted average শেয়ার প্রতি আয় (EPS) টাঃ ১.৪৪। উল্লেখ্য, কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Alpha Capital Management Limited।
২. Jamuna Bank Limited এর ৩০০ কোটি টাকার Non-convertible Coupon Bearing Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unsecured, Unlisted, Coupon bearing sub-ordinated bond। বন্ডটি ০৭ বছরে Full Redemption হবে, শুধুমাত্র আর্থিক প্রতিষ্ঠান এবং উচ্চ সম্পদধারী ব্যক্তিরাই (high net worth individuals) প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, Jamuna Bank Limited এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Tier-II Regulatory Capital এর শর্ত পূরণ করবে। উক্ত বন্ডটির প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০ লক্ষ টাকা। এই বন্ডের Mandated Lead Arranger এবং Trustee হিসাবে কাজ করেছে যথাক্রমে RSA Capital Limited ও IDLC Finance Limited।
৩. Super Shares & Securities Limited (CSE Mem. No. 067) -এ কমিশনের রুটিন পরিদর্শনের নিমিত্ত গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয় :
 - ক) Consolidated Customer Account -এ প্রায় ১৭,৫৪,৭৬০.১৮ টাকা ঘাটতির মাধ্যমে Securities and Exchange Rules, 1987 এর Rule 8A (1) & (2) লংঘন;
 - খ) ৩০ জুন ২০১৪ সমাপ্ত অর্থ বছরের অডিট রিপোর্ট নির্ধারিত সময়ের মাধ্যে সিএসইসি এর নিকট দাখিল না করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর Rule 13(4) এর লংঘন;
 - গ) একজন বিনিয়োগকারীকে নেট ক্যাপিটাল ব্যালেন্স এর ২৫% এর অতিরিক্ত মার্জিন ঋণ প্রদানের মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 5 এর লংঘন; এবং
 - ঘ) ২০১২ ও ২০১৩ সালে স্টক ডিলার হিসাবে লেনদেন না করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এর লংঘন।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করায় কমিশন, Super Shares & Securities Limited -কে ২ (দুই) লক্ষ টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।


২৫/১১/২০১৬

মোঃ সাইফুর রহমান

নির্বাহী পরিচালক

ও

মুখপত্র।